**P - III (1+1+1) G / 20 (N)**

**2020**

# ELECTIVE BENGALI (General)

## Paper Code : III-A

## [New Syllabus]

Full Marks : 30 Time : Thirty Minutes

### Important Instructions for Multiple Choice Question (MCQ)

- Write Subject Name and Code, Registration number, Session and Roll number in the space provided on the Answer Script.

  **Example :** Such as for Paper III-A (MCQ) and III-B (Descriptive).

  Subject Code : | III | A | & | B |

  Subject Name : [ ]

- Candidates are required to attempt all questions (MCQ). Below each question, four alternatives are given [i.e. (A), (B), (C), (D)]. Only one of these alternatives is 'CORRECT' answer. The candidate has to write the Correct Alternative [i.e. (A)/(B)/(C)/(D)] against each Question No. in the Answer Script.

  **Example —** If alternative A of 1 is correct, then write :
  **1. — A**

- There is no negative marking for wrong answer.

## মাল্টিপল চয়েস প্রশ্নের (MCQ) জন্য জরুরী নির্দেশাবলী

- উত্তরপত্রে নির্দেশিত স্থানে বিষয়ের (Subject) নাম এবং কোড, রেজিস্ট্রেশন নম্বর, সেশন এবং রোল নম্বর লিখতে হবে।

**উদাহরণ** — যেমন Paper III-A (MCQ) এবং III-B (Descriptive)।

Subject Code : | III | A | & | B |

Subject Name : [ ]

- পরীক্ষার্থীদের সবগুলি প্রশ্নের (MCQ) উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে তার উত্তরের স্বপক্ষে (A) / (B) / (C) / (D) সঠিক বিকল্পটিকে প্রশ্ন নম্বর উল্লেখসহ উত্তরপত্রে লিখতে হবে।

**উদাহরণ** — যদি **1** নম্বর প্রশ্নের সঠিক উত্তর **A** হয় তবে লিখতে হবে :
**1. — A**

- ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই।

Answer *all* the questions in OMR sheet.

Choose the correct answer.

Each question carries 1 mark.

১। Saga পরিভাষাটির অর্থ হল —

(A) বীর

(B) বীরগাথা

(C) বিবাহ

(D) দৃশ্য

২। ‘শব্দভাণ্ডার’ অর্থে ব্যবহৃত পরিভাষাটি হল —

(A) Voice

(B) Verb

(C) Vocabulary

(D) Wordstock

৩। উচ্চারণের সময় অতিরিক্ত ‘ই’ বা ‘উ’ উচ্চারিত হলে, তাকে কী বলে ?

(A) স্বরভক্তি

(B) অপিনিহিতি

(C) অভিশ্রুতি

(D) স্বরসঙ্গতি

৪। IPA-এই সংক্ষিপ্ত কথাটির ‘P’-কোন্ শব্দের বর্ণরূপ ?

(A) Phonetics

(B) Philosophy

(C) Printed

(D) Phonet

৫। বক্তব্যের মধ্যে কোনও Idioms থাকলে অনুবাদ কীরূপ হয় ?

(A) ভাবানুবাদ

(B) আক্ষরিক অনুবাদ

(C) সারানুবাদ

(D) ছায়ানুবাদ

৬। IPA-তে 'আ' লেখা হয় কোন্ বর্ণে ?

(A) a

(B) ā

(C) @

(D) A

৭। প্রুফ সংশোধনে ব্যবহৃত # চিহ্নে কী নির্দেশ করে ?

(A) শব্দ জুড়তে হবে

(B) শূণ্যস্থান হবে

(C) শূণ্যস্থান বাদ দিতে হবে

(D) নতুন অনুচ্ছেদ হবে

৮। সাক্ষাৎকার গ্রহীতার একটি আবশ্যিক যোগ্যতা হল —

(A) পরিচ্ছন্ন পোষাক

(B) শিক্ষিত হতে হবে

(C) বিষয়ের প্রাথমিক ধারণা

(D) দেখতে সুন্দর হতে হবে

৯। Reportage-এর বাংলা পরিভাষা কী ?

(A) প্রতিবেদন

(B) সাক্ষাৎকার

(C) প্রবন্ধ

(D) তথ্য সংকলন

১০। প্রাতিষ্ঠানিক পত্রের শেষে স্বাক্ষরের পূর্বে ব্যবহৃত একটি সম্ভাষণ হল —

(A) ধন্যবাদান্তে

(B) বিনীত

(C) সম্মানীয়

(D) সব কয়টি

১১। মিথ্যা > মিথ্যে — কোন্ ধ্বনিপরিবর্তন ?

(A) প্রগত স্বরসংগতি

(B) পরাগত স্বরসংগতি

(C) সমীভবন

(D) অপিনিহিতি

১২। প্রনাম > প্রণাম — কী জাতীয় ধ্বনিপরিবর্তন ?

(A) মূর্ধণ্যীভবন

(B) বিমূর্ধন্যীভবন

(C) নাসিক্যীভবন

(D) কোনটি নয়

১৩। অকল্যাণসূচক শব্দের পরিবর্তে একই অর্থে ভিন্ন শব্দ ব্যবহারের সংস্কারের কী বলে ?

(A) অপভাষা

(B) সুভাষণ

(C) লোকনিরুক্তি

(D) কুসংস্কার

১৪। উচ্চারণমূলক বর্ণমালায় রূপান্তরকে কী বলে ?

(A) রোমীয় লিপ্যন্তর

(B) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর

(C) ধ্বনি পরিবর্তন

(D) অনুবাদ

১৫। IPA-তে কোন্ রূপান্তরটি সঠিক —

(A) Rabindranath

(B) Robindranāth

(C) / Rabindronoth /

(D) / robindronath /

১৬। লিপ্যন্তরে তারকা (*) চিহ্ন কখন ব্যবহৃত হয় ?

(A) শুরুতে

(B) শেষে

(C) ব্যক্তির নামের পূর্বে

(D) ব্যক্তির নামের শেষে

১৭। 'পত্রসূত্র' কাকে বলে ?

(A) প্রেরক

(B) প্রাপক

(C) Reference No.

(D) Memo No.

১৮। ভাবানুবাদ কোন্‌টি ?

(A) Literal Translation

(B) Faithful Translation

(C) A and B

(D) কোনটিই নয়

১৯। অনুবাদে উদ্ধৃতির কী জাতীয় অনুবাদ করা হয় ?

(A) আক্ষরিক

(B) ভাবানুবাদ

(C) সারানুবাদ

(D) ছায়ানুবাদ

২০। কলেজে ভর্তিসংক্রান্ত বিজ্ঞাপন কোন্ শ্রেণির বিজ্ঞাপন ?

(A) সংস্থাগত

(B) ব্যক্তিগত

(C) সরকারি

(D) জনস্বার্থে প্রচারিত

২১। আ > $\bar{a}$ - কোন্ ধরনের লিপ্যন্তর ?

(A) ইংরেজি

(B) রোমীয়

(C) IPA

(D) কোনটি নয়

২২। বিজ্ঞাপনের একটি অন্যতম শর্ত হল—

(A) তারিখ উল্লেখ

(B) সামাজিক দায়বহন

(C) জনতাকে খুশি করা

(D) প্রচারকের পরিচয়

২৩। প্রুফ সংশোধনে প্রথমবার কী রঙের কালি ব্যবহার করা হয় ?

(A) লাল

(B) নীল

(C) সবুজ

(D) বেগুনি

২৪। প্রুফ সংশোধনে মূল কপি বা পাণ্ডুলিপিতে ভুল বানান থাকলে কীভাবে সংশোধন করা হয় ?

(A) প্রুফ সংশোধনের সময়

(B) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বিধি অনুসারে

(C) সম্পাদকের অনুমতি নিয়ে

(D) লেখকের অনুমতি নিয়ে

২৫। ‘‘পরিভাষা ভাষারই প্রকারভেদ; উহা কল্পিত ভাষা অর্থাৎ উদ্দেশ্যসাধনের জন্য রচিত ভাষা’’— কে বলেছেন ?

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

(C) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী

(D) সুকুমার সেন

২৬। ‘Action’- এর বাংলা পরিভাষা হল —

(A) নাটক

(B) অভিনয়

(C) ক্রিয়া

(D) ব্যবস্থা নেওয়া

২৭। Head + পণ্ডিত = ‘হেডপণ্ডিত’ — এই শব্দবন্ধ ধ্বনিপরিবর্তনের কোন্ শ্রেণিতে পড়ে ?

(A) লোকনিরুক্তি

(B) সংকর শব্দ

(C) সাদৃশ্য

(D) মিশ্রণ

২৮। ‘Blank Verse’- শব্দটির বাংলা প্রতিশব্দ —

(A) রূপক

(B) যমক

(C) অমিত্রাক্ষর ছন্দ

(D) শ্লেষ

২৯। ধোঁয়া + কুয়াশা = ধোয়াশা হল-এর উদাহরণ —

(A) অপভাষা

(B) জোড়কলম শব্দ

(C) সুভাষণ

(D) সাদৃশ্য

৩০। ছোটকাকা > ছোট্কা — এটি কোন্ শ্রেণির ধ্বনিপরিবর্তন ?

(A) সমাক্ষর লোপ

(B) জোড়কলম শব্দ

(C) মিশ্রণ

(D) স্বরভক্তি

P - III (1+1+1) G / 20 (N)

**2020**

# ELECTIVE BENGALI (General)

## Paper Code : III-B

## [New Syllabus]

Full Marks : 70 Time : Two Hours Thirty Minutes

**দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।**

১। নিম্নলিখিত শব্দগুলির পরিভাষা লেখো (যে কোনো **পাঁচটি**) ১×৫=৫

Ambiguity, Bizarre, Cosmocentric, Ennui, Falsification, Interpolation, Prologue, Transcendental.

২। নিম্নে প্রদত্ত অংশটির প্রুফ সংশোধন করো (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুসারে) ৫

প্রুফ কপি :

মহূর্তে ঠাকু রঝির ভিরু চকিত দৃষ্টি ভড়া চোক দুটি সবল হইয়া উঠিল। কিন্তু সে উদ্দীপ্তকণ্ঠে বলল কালো আছি আমি আপনার ঘরে আছ। কেউ তো আমা কে খেতে পরতে দেয় না। নিতা হাসিয়া বলিল আমি কাল ভালবাসি কিন্তু লো ঠাকুরঝি। ঠাকুরঝির মুখেল কালো রঙে লা আভা দেখাযায় না, তবু তাহার লজ্জার গা তা বোঝা যায়।

মূলকপি বা পাণ্ডুলিপি :

মুহূর্তে ঠাকুরঝির ভীরু চকিত দৃষ্টিভরা চোখ দুইটি সজল হইয়া উঠিল। কিন্তু সে উদ্দীপ্ত কণ্ঠে বলিল—কালো আছি আমি আপনার ঘরে আছি। কেউ তো আমাকে খেতে পরতে দেয় না। নিতাই হাসিয়া বলিল—আমি কিন্তু কালো ভালোবাসি ঠাকুরঝি। ঠাকুরঝির মুখের কালো রঙে লাল আভা দেখা যায় না, তবু তাহার লজ্জার গাঢ়তা বোঝা যায়।

৩। যে কোনো **একটি** বিষয় অবলম্বন করে প্রবন্ধ রচনা করো। ১৫

(ক) উত্তরবঙ্গের লোকসাহিত্য।

(খ) তোমার প্রিয় কথাসাহিত্যিক।

(গ) রবীন্দ্রোত্তর বাংলা ছোটগল্প।

(ঘ) বাংলা ভ্রমণ সাহিত্য।

৪। যে কোনো **দু'টি** বিষয়ের উদাহরণসহ পরিচয় দাও : ৫×২=১০

ব্যঞ্জনাগম, লোকনিরুক্তি, সমাক্ষরলোপ, অপভাষা

৫। নিম্নে প্রদত্ত অংশটির আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা অথবা রোমান বর্ণমালা অনুসারে লিপ্যন্তর করো। ৫

অপরের অনুকরণ সভ্যতা বা উন্নতির লক্ষণ নয়। সিংহচর্মাবৃত গর্দভ কখনই সিংহ হয় না। হীন কাপুরুষের মত অনুকরণ অধঃপতনের চিহ্ন। মানুষ যখন নিজেকে ঘৃণা করতে আরম্ভ করে, তখন বুঝতে হবে, তার মরণদশা ধরেছে; যখন সে পূর্বপুরুষদের স্বীকার করতে লজ্জিত হয়, তখন বুঝতে হবে, তার বিনাশ আসন্ন।

৬। কলেজে শ্রেণিকক্ষে ছাত্রছাত্রীদের উপস্থিতির ক্রমহ্রাসমান সংখ্যাবিষয়ে একজন শিক্ষাবিদের সঙ্গে একটি কাল্পনিক সাক্ষাৎকার রচনা করো। ১০

**অথবা,**

একজন বিশিষ্ট নাট্যকারের সঙ্গে একটি কাল্পনিক সাক্ষাৎকার রচনা করো।

৭। কলেজে ভর্তির জন্য সংবাদপত্রে প্রকাশযোগ্য, অধ্যক্ষের পক্ষে একটি বিজ্ঞাপন রচনা করো। ১০

**অথবা,**

'পালস পোলিও টিকাকরণ' কর্মসূচীকে সফল করতে জনসাধারণের প্রতি আবেদন জানিয়ে সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি বিজ্ঞাপন রচনা করো।

৮। বাংলায় অনুবাদ করো। ১০

Sister Nivedita came to help Swamiji in his plans to improve the lot of the woman in India. She dedicated herself to the service of India. She spent the large part of her income in helping the needy and feeding the starving, even denying herself many necessities. When the plague first broke out in Calcutta, she got together a number of youngmen to service the ailing people.